

রংপুরে

## মাদ্রাসায় গোপন বৈঠকে দুই শিক্ষকসহ ৮ জামায়াত কর্মী আটক

জেলা বার্তা পরিবেশক

বিভাগীয় নগরী রংপুরে বড় ধরনের নাশকতা সৃষ্টি করার জন্য গোপন বৈঠক করার সময় গভকাল সন্ধ্যায় নগরীর মধ্য আশরতপুর এলাকায় একটি মাদ্রাসা থেকে দুই কলেজ শিক্ষকসহ ৮ জামায়াত শিবির নেতাকর্মীকে আটক করেছে পুলিশ। আটককৃতরা বগুড়াসহ বিভিন্ন এলাকা থেকে রংপুরে এসে গোপন সভা করছিল বলে জানা গেছে। কোতোয়ালি থানার ওসি কাদের জিলানী ৮ জনকে আটক করার বিষয়টি নিশ্চিত করে জানান, তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত সন্ধ্যা সাড়ে ৭টায় পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা আটক জামায়াত-শিবিরের নেতাকর্মীদের জিজ্ঞাসাবাদ করছিল। ইতোমধ্যে প্রাথমিক জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ওপর ভিত্তি করে নগরীর বিভিন্ন এলাকায় অভিযান শুরু করেছে পুলিশ।

পুলিশ জানায়, রংপুর নগরীর মধ্য আশরতপুর এলাকায় একটি মাদ্রাসায় বিভিন্ন জেলা থেকে আগত জামায়াত শিবিরের শীর্ষ নেতারা গোপন বৈঠক করছেন সংবাদের ওপর ভিত্তি করে কোতোয়ালি থানার একটি পুলিশের দল ওই মাদ্রাসায় অভিযান চালিয়ে ৮ জনকে গোপন : পৃষ্ঠা : ২ ক : ২

### গোপন : বৈঠকে

(১৬ পৃষ্ঠার পর)

আটক করে। এরা হলেন- বদরগঞ্জ উপজেলার কুতুবপুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু সাইদ, রংপুর এমি মেডিকেল কলেজের প্রভাষক এরশাদুল হক। এরা দুজনই জামায়াতের নেতা। এছাড়াও আটককৃত অন্যরা হলেন- মোকলেসার রহমান, মুফর রহমান, নুরুন নবী, নাসির, নুরুল আজম ও আকমল হোসেন। এর মধ্যে আকমল হোসেন রংপুর মহানগর জামায়াতের সেক্রেটারি বলে পুলিশ সন্দেহ করছে।